

পিএসডি সার্কুলার লেটার নং : ০৪

১৯ আষাঢ়, ১৪২৯

তারিখ : -----

০৩ জুলাই, ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

NPSB ব্যবস্থায় IBFT এর মাধ্যমে গ্রাহকের হিসাবে ইনওয়্যার্ড রেমিট্যান্স প্রদান প্রসঙ্গে।

National Payment Switch Bangladesh (NPSB) ব্যবস্থায় Internet Banking Fund Transfer (IBFT) এর মাধ্যমে রেমিট্যান্স প্রদানের ক্ষেত্রে পিএসডি সার্কুলার নং ০৯ তারিখঃ ৩০ জুন, ২০২১ এবং পিএসডি সার্কুলার নং ০৩ তারিখঃ ২৮ এপ্রিল, ২০২২ এর অনুবৃত্তিক্রমে নিম্নোক্ত নির্দেশনাসমূহ প্রদান করা হলোঃ

- ক) NPSB ব্যবস্থায় IBFT এর মাধ্যমে রেমিট্যান্স এবং তদসংশ্লিষ্ট প্রণোদনা প্রদানের ক্ষেত্রে ব্যাংকের উপর পিএসডি সার্কুলার নং ০৯ তারিখঃ ৩০ জুন, ২০২১ এর ক্রমিক নং ০৫(খ) এ উল্লিখিত প্রাতিষ্ঠানিক একক লেনদেনের সর্বোচ্চ সীমা এবং দৈনিক লেনদেনের সর্বোচ্চ সীমার শর্তাবলীসমূহ প্রযোজ্য হবে না।
- খ) রেমিট্যান্স সংশ্লিষ্ট লেনদেনসমূহ পৃথকভাবে শনাক্ত করার জন্য রেমিট্যান্স আহরণকারী ব্যাংক 'রেমিট্যান্স' এবং 'প্রণোদনা' এর জন্য পৃথক Merchant Category Code (MCC) যথাক্রমে ৬০১৪ এবং ৬০১৫ ব্যবহার করবে।
- গ) NPSB ব্যবস্থায় IBFT এর মাধ্যমে রেমিট্যান্স প্রদানের ক্ষেত্রে, উদ্ভূত বিরোধসমূহ (Disputes) ব্যাংক পরবর্তী কর্মদিবসের মধ্যে নিষ্পত্তি করবে।
- ঘ) ইনওয়্যার্ড রেমিট্যান্স এবং তদসংশ্লিষ্ট প্রণোদনা প্রদানের ক্ষেত্রে বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ কর্তৃক জারীকৃত নির্দেশনাবলীর যথাযথ পরিপালন ব্যাংকসমূহ নিশ্চিত করবে।
- ঙ) এ ধরনের অর্থ স্থানান্তরে মানি লন্ডারিং প্রতিরোধ আইন এবং তদসূত্রে জারীকৃত নির্দেশনাবলীর যথাযথ পরিপালন ব্যাংকসমূহ নিশ্চিত করবে।

এই নির্দেশনাসমূহ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ মেজবাবুল হক)

পরিচালক (পিএসডি)

ফোনঃ ৯৫৩০১৭৪